

Ekdin, Kolkata, Aug 10 2012

## টি সি এসের আই টি উইজ জিতল লয়োলা

আজকালের প্রতিবেদন: টি সি এস  
আই টি উইজ ২০১২-র কলকাতা  
সংস্করণ জিতল জামশেদপুরের  
লয়োলা স্কুল। বিজয়ীরা অংশ নেবে  
কলকাতায় ওই কুইজের জাতীয়  
চূড়ান্ত প্রতিযোগিতায়। কলকাতা  
সংস্করণে অংশ নিয়েছিল ৫০০-র  
বেশি স্কুল পড়ুয়া। সেরা পুরস্কার  
জেতে লয়োলা স্কুলের শুভম  
আগরওয়াল ও অবিরল দাশগুপ্ত।  
দ্বিতীয় হয়েছে কলকাতার ন্যাশনাল  
জেমস হাই স্কুলের সৌম্যজ্যোতি  
ভট্টাচার্য ও দেবারুণ ব্যানার্জি।  
পুরস্কার তুলে দেন টি সি এসের  
গ্লোবাল-এইচ আর্কের নির্বাহী ভাইস  
প্রেসিডেন্ট ও প্রধান অজয়েন্দ্র মুখার্জি।  
সঙ্গে ছিলেন টি সি এস কলকাতা-র  
সেন্টার হেড শ্রীধর বক্সী। অষ্টম থেকে  
দ্বাদশ শ্রেণীর পড়ুয়ারা এই কুইজে  
অংশ নেয়।